

বিচার বিভাগীয় তথ্য বাতায়নে যুক্ত হলো খুলনা জজশীপ

বাংলাদেশ সুপ্রীম কোর্টের উদ্যোগে একসেস টু ইনফরমেশন (এটুআই) এর সহযোগিতায় জাতীয় বিচার বিভাগীয় তথ্য বাতায়নে যুক্ত হলো খুলনা জেলা আদালত বাতায়ন। বিচার বিভাগের ডিজিটাইজেশন প্রকল্পের অংশ হিসেবে জাতীয় বিচার বিভাগীয় তথ্য বাতায়ন চালু করা হয়েছে। এতে সারা বাংলাদেশের বিচার বিভাগীয় প্রতিষ্ঠানগুলোর পোর্টাল সংযুক্ত থাকবে।

খুলনা জেলা আদালতের ওয়েব ঠিকানা হলো- <http://khulna.orangebd.com> । খুলনা জেলা আদালতের বাতায়নে অনলাইনে কজলিস্ট দেখার সুযোগ রয়েছে। খুলনা জজশীপে কর্মরত বিচারকদের তালিকা রয়েছে পোর্টালে। এছাড়া খুলনা জজশীপে কর্মরত কর্মচারীদের তালিকাও রয়েছে। বিচারপ্রার্থী মানুষ যাতে সহজে আইনজীবীদের সঙ্গে আইনী সহযোগিতার জন্য যোগাযোগ করতে পারেন সেজন্য আইনজীবীদের তালিকা রয়েছে।

বর্তমানে খুলনা জেলা আদালতের বাতায়নের বেটা ভার্সন চলছে।